

সরকারি খাদ্যগুদামে ধান বিক্রয়ের নোটিশ


সরকার চলমান বোরো/২০২৩ মৌসুমে ১,২০০/- টাকা মণ দরে বেলকুচি উপজেলায় “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে ধান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বেলকুচি সরকারি খাদ্যগুদামে ধান বিক্রয়ে আগ্রহী কৃষকদের আগামী ২০ মে ২০২৩ খ্রি. তারিখের মধ্যে কৃষকের অ্যাপের মাধ্যমে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

নিবন্ধনের জন্য প্রথমে ‘গুগল প্লে স্টোর’ থেকে অ্যানড্রয়েড স্মার্ট ফোনে কৃষকের অ্যাপটি ডাউনলোড করে জাতীয় পরিচয়পত্র নাম্বার ও মোবাইল নাম্বার প্রদান করে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

এছাড়াও ধান বিক্রয়ে আগ্রহী কৃষকেরা উপজেলা খাদ্য অফিস, বেলকুচি খাদ্যগুদাম ও স্ব স্ব ইউনিয়ন ডিজিটাল সেন্টারে জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নিয়ে উপস্থিত হয়ে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

বিঃদ্রঃ ধানের বিনির্দেশ।


বিনির্দেশ	সর্বোচ্চ
১। আর্দ্রতা	১৪%
২। বিজাতীয় পদার্থ	০.৫%
৩। ভিন্নজাতের ধানের মিশ্রণ	৮%
৪। অপুষ্টি ও বিনষ্ট দানা	২%
৫। চিটা	০.৫%


(আফিয়া সুলতানা কেয়া)
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ
মোবাইল নং ০১৭৩৩-৩৩৫০৪০
Email:unobelkuchi@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮১১.০০১.১৮.০০৪.২৩- ৫৯২
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখঃ ১০/০৫/২০২৩ খ্রি.

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬৬, সিরাজগঞ্জ-৫।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ।
- ৫। উপজেলা কৃষি অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৭। সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
- ৮। চেয়ারম্যান, ইউপি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৯। সভাপতি, প্রেসক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১০। উপ-সহকারী কৃষি কর্মকর্তা ব্লক, ইউনিয়ন/পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ (নোটিশটি স্ব স্ব ব্লকের বোরো চাষীদের নিকট অবহিত করণের অনুরোধসহ)।
- ১১। সভাপতি, বাংলাদেশ কৃষকলীগ, বেলকুচি উপজেলা শাখা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বেলকুচি এলএসডি- সিরাজগঞ্জ।
- ১৩। প্রোপাইটর, সেবা ক্যাবল নেটওয়ার্ক, বেলকুচি, সিরাজগঞ্জ (নোটিশটি লোকাল চ্যানেলে প্রচারের অনুরোধসহ)।
- ১৪। জনাব....., ইউডিসি, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, বেলকুচি, সিরাজগঞ্জ (চিঠির মর্মার্থ অনুযায়ী যথাযথভাবে কৃষক নিবন্ধন কার্যক্রম পরিচালনার নির্দেশ দেওয়া হলো)।
- ১৫। অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ